দৈনিক ইত্তেফাক 33

তারিখ 17 MAY 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

# ‘শিক্ষা বিস্তারে আগাইয়া আসুন’

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশে শিক্ষা বিস্তারের সরকারী প্রচেষ্টা সফল করার লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়িয়া তোলার

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষা বিস্তার

(১ম পৃঃ পর)

সুনির্দিষ্ট কর্মসূচী লইয়া আগাইয়া আসার জন্য লায়ন্স ক্লাব সদস্যদের প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল (শনিবার) হোটেল সোনার

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা বিস্তার

(১ম পৃঃ পর)

গাঁও লায়ন্স জেলা ৩১৫-এর পঞ্চম বার্ষিক সম্মেলন উদ্বোধনকালে বেগম জিয়া বলেন, ‘দারিদ্র্য দূরীকরণ ও দেশের উন্নয়নে শিক্ষা অপরিহার্য।’ সম্মেলনে জেলা গভর্ণর হুমায়ুন জহির, নবনির্বাচিত গভর্ণর আনোয়ারুল হক, ইন্টারন্যাশনাল ডাইরেক্টর এম, এল তুলসিয়ান, আলমগীর এম,এ, কবীর ও আহ্বায়ক কমিটির চেয়ারম্যান ফকির আশরাফও বক্তৃতা করেন।

বেগম খালেদা জিয়া বলেন, সম্পদের স্বল্পতা হেতু সরকার সকলের জন্য শিক্ষা ও স্বাস্থ্যসহ পর্যাপ্ত নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করিতে পারে নাই। তিনি এ-ব্যাপারে ব্যক্তিগত ও স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের সমর্থনকে স্বাগত জানান এবং বলেন, এই বিরাট দায়িত্ব সরকারের একার পক্ষে পালন করা সম্ভব নহে।

মানবিক সেবামূলক কাজে লায়ন্স ক্লাবের প্রশংসা করিয়া প্রধানমন্ত্রী বলেন, ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস উপদ্রুত মানুষের প্রতি তাহাদের সেবা বিশেষ শ্রদ্ধার দাবীদার। তিনি গ্রামাঞ্চলের চক্ষু রোগীদের চিকিৎসার জন্য বিনামূল্যে চক্ষু শিবিরের মাধ্যমে চিকিৎসাদানের জন্য ধন্যবাদ জানাইয়া বলেন, তাহাদের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীও প্রশংসা লাভ করিয়াছে। বর্তমানের অবাধ গণতান্ত্রিক পরিবেশের কথা উল্লেখ করিয়া তিনি আশাপ্রকাশ করেন যে, স্বেচ্ছাসেবী সংগঠনগুলি নিরক্ষরতা, রোগ, ক্ষুধা, দারিদ্র্য ও অপুষ্টির বিরুদ্ধে সংগ্রামে তাহাদের সাধ্যমত অবদান রাখিবে। তিনি বলেন, দেশে উদার, অবাধ গণতান্ত্রিক পরিবেশ বিরাজমান এবং জনকল্যাণে নিয়োজিত হইবার পথে কোন বিঘ্ন নাই। যেহেতু বর্তমান সরকার জনগণের সরকার। কাজেই সরকারের কর্মসূচীকে সফল করিয়া তোলার জন্য সকলের কাজ করা উচিত।

মন্ত্রীবর্গ, পদস্থ কর্মকর্তারা, সমাজ সেবক এবং দেশের সকল অঞ্চল হইতে আগত লায়ন্স ক্লাবের সদস্যরা দুইদিনব্যাপী এই কনভেনশনে উপস্থিত ছিলেন।